দৈনিক জনকণ্ঠ

তারিখ ...12 FEB 1996

পৃষ্ঠা ... কলাম

## ১৭তম বিসিএস লিখিত পরীক্ষা ২৬ ফেব্রুয়ারি থেকে শুরু

১৭তম বিসিএস ১৯৯৫-৯৬-এর লিখিত পরীক্ষা আগামী ২৬ ফেব্রুয়ারি থেকে শুরু হবে।

পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীর কাছে ইতোমধ্যে প্রবেশপত্র পাঠানো হয়েছে। কোন প্রার্থী প্রবেশপত্র না পেয়ে থাকলে তাকে প্রিলিমিনারি টেস্টের রেজিস্ট্রেশন নম্বর, ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং ইংরেজীতে নাম, ঠিকানা

(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## ১৭তম বিসিএস

(প্রথম পাতার পর)

(বিএসসি ফর্ম-২ এর অনুরূপ) উল্লেখপূর্বক একটি আবেদনপত্রসহ আজ সোমবার থেকে ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত অফিস সময়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ করতে হবে। তথ্য বিবরণী।

উল্লেখ্য, প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। লিখিত পরীক্ষার আসন ব্যবস্থা দৈনিক পত্রিকার মাধ্যমে প্রকাশ করা হবে।